**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 25 Oct 2025** **TIME: 7:35 AM**

---

রাজ্যের ৪০ লক্ষ মহিলাকে ‘লাখপতি বাইদেও ’করার জন্য সরকার কাজ করে যাচ্ছে ।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল শিলচর পুলিশ পেরেড  গ্রাউন্ডে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে শিলচর বিধানসভা কেন্দ্রের আত্মসহায়ক গোষ্ঠির ১৩ হাজার ১৯৩ জন হিতাধিকারীর মধ্যে চেক বিতরণ কার্যসূচীর সূচনা করে একথা বলেন । অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন যে  বর্তমানে যেসব হিতাধিকারী ১০ হাজার টাকার অর্থ সাহায্য লাভ করেছেন তারা এই অর্থের সঠিক ব্যবহার করলে ভবিষ্যতে এই সাহায্য ২৫ হাজার টাকা থেকে ৫০ হাজার টাকা পর্যন্ত বৃদ্ধি করা হবে  ।অরুণোদয় প্রকল্পের অধীনে শিলচরে নতুন করে তিন হাজার হিতাধিকারীকে অর্ন্তভুক্ত করা হবে বলে মুখ্যমন্ত্রী ঘোষণা  করেন । তিনি বলেন যে যদি কোন পুরুষ একজনের বেশী মহিলার সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হয় তবে

তার সাত বছরের কারাদন্ডের ব্যবস্থা করা হবে এবং এই বিষয়ে আগামী বছর বিধানসভায় একটি বিল উত্থাপন করা হবে বলে তিনি জানান । রাজ্যে মহিলা সংক্রান্ত অপরাধ ১ লক্ষ ৫০ হাজার থেকে ৪০ হাজারে হ্রাস পেয়েছে বলে উল্লেখ করে এটি মহিলাদের সুরক্ষা ক্ষেত্রে সরকারের লাভ
করা সাফল্যের প্রতিফলন বলে তিনি মন্তব্য করেন ।মুখ্যমন্ত্রী মধুরাঘাটে বরাকনদীর উপর ১০০ কোটি টাকা ব্যয় সাপেক্ষে একটি নতুন সেতু নির্মাণ করার কথা ঘোষণা করেন । এছাড়া যানজট নিয়ন্ত্রণের জন্য ডিসেম্বর মাসের মধ্যে ৬৫০ কোটি টাকা ব্যয়ে একটি উড়াল সেতু নির্মাণের কাজ শুরু করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান । আগামী কয়েকদিনের মধ্যে ডলুতে বিমানবন্দর নির্মানের জন্য ৩ হাজার কোটি টাকা মঞ্জুর করা হবে এছাড়া আগামী ছমাসের মধ্যে বরাপানী থেকে পাঁচগ্রাম পর্যন্ত এক্সপ্রেস হাইওয়ের ভিত্তিপ্রস্থর স্থাপন করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।
শুধুমাত্র শিলচরের জন্য ১ হাজার কোটি টাকার বিভিন্ন প্রকল্পের ঘোষণাও মূখ্যমন্ত্রী করেন । বিটিসি নির্বাচন এবং জুবিন গর্গের মৃত্যুর পরিপ্রেক্ষিতে শিলচর পৌর নিগমের নির্বাচন এখনই অনুষ্ঠিত হচ্ছে না বলে মুখ্যমন্ত্রী ইঙ্গিত দেন ।
 এদিকে বরাক উপত্যকার জনসাধারণের সুবিধার জন্য দিল্লী , কলকাতা এবং চেন্নাইতে ‘বরাক ভবন ’নির্মাণ করা হবে বলেও মুখ্যমন্ত্রী জানান ।
এদিকে মুখ্যমন্ত্রী গতকাল শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতাল পরিদর্শন করে প্রস্তাবিত ২০৮ শয্যার সুপার
স্পেশালিটি হাসপাতালের ভিত্তিপ্রস্থর স্থাপন করে বলেন

----- **বাইট ।**

এদিকে গতকাল  শ্রীভূমি জেলার রামকৃষ্ণনগরে আয়োজিত সভায় মূখ্যমন্ত্রী মহিলা উদ্যোমিতা প্রকল্পের চেক বন্টন অনুষ্ঠানে অংশ নিয়ে মূখ্যমন্ত্রী বলেন যে তৃণমূল স্তরের মহিলা উদ্যমীদের সবলীকরণ ও রাজ্যের উন্নয়নের ক্ষেত্রে তাঁদের ভুমিকা শক্তিশালী করার জন্য রাজ্য সরকার এই অভিনব উদ্যোগ গ্রহণ করেছে ।

---

বিভিন্ন কার্যসূচী নিয়ে দুদিনের বরাক উপত্যকা সফরের আজ শেষ দিনে মূখ্যমন্ত্রী সকাল ১০ টায় বিন্নাকান্দি মন্ডল বিজেপি কার্যালয় এবং ১০ টা বেজে ৪০ মিনিটে লক্ষীপুর মন্ডল কার্যালয়ের উদ্বোধন করবেন । এরপর বেলা ১১ টা ৪৫ মিনিটে মূখ্যমন্ত্রী লাবক চা বাগানের মাঠে মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে চেক বিতরণ অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন । মূখ্যমন্ত্রী আজ বিকেলে গৌহাটী ফিরে যাবেন ।

---

ডিমা হাসাও জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে তামাক মুক্ত পরিবেশ তৈরীর লক্ষ্যে গতকাল হাফলংয়ের সরকারী বালক উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে তামাক মুক্ত যুব অভিযানের জেলা পর্যায়ের উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয় । মাসব্যাপী এই অভিযানের উদ্দেশ্য হচ্ছে তামাক ব্যাবহারের বিপদ সম্পর্কে সচেতনতা এবং শিক্ষার্থীদের স্বাস্থ্যকর তামাক মুক্ত জীবন যাপনে উৎসাহিত করা । অনুষ্ঠানে অতিরিক্ত জেলা আয়ুক্ত

শোরিয়া শর্মা সহ স্বাস্থ্য বিভাগের আধিকারিকরা অংশগ্রহণ করে প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলায় নভেম্বর মাসের খাদ্য সুরক্ষার চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে নভেম্বর মাসের অন্তোদয় অন্ন যোজনার কার্ড প্রতি ৩৫ কিলোগ্রাম করে চাল এবং প্রায়োরিটি হাউস হোল্ড কার্ডের ক্ষেত্রে মাথা পিছু পাঁচ কিলোগ্রাম করে চাল বন্টন করা হবে । নভেম্বর মাসের এক থেকে ১০ তারিখ পর্য্যন্ত অন্ন সেবার নির্ধারিত দিনগুলিতে ই-পস মেশিনের মাধ্যমে এই চাল বন্টন করতে বলা হয়েছে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ শিলচর অনন্তের ব্যবস্থাপনায় আগামী সোমবার বুধুরাইল হাইস্কুল প্রাঙ্গনে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---